বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

**শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি**

বিষয় : আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ শনিবার সারাদেশে একযোগে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম ডোজের অবশিষ্ট ১(এক) কোটি লোককে করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রত্যক্ষ সহযোগিতায় ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুন্দর, সুষ্ঠু পরিবেশে প্রদানের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।

তারিখ : ১৬/০২/২০২২ খ্রি.

সময় : বিকাল ০৩.০০ ঘটিকায়

উপস্থিতি : জুম এ্যাপস

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের পর করোনার টিকার প্রথম ডোজ দেওয়া বন্ধ রাখা হবে। ঐ দিনেই সারা দেশে করোনাভাইরাসের প্রথম ডোজের এক কোটি টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সাম্প্রতিক গবেষণায় দেখা যাচ্ছে যে, যাঁরা করোনাভাইরাসে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন অথবা মারা গেছেন, তাঁদের বেশির ভাগই টিকা নেননি। যাঁরা করোনাভাইরাসের টিকা নিয়েছেন, তাঁদের মধ্যে মৃত্যুহার কম এবং হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যাও কম। এ অবস্থায় সরকারের আহবান হল সবাই করোনার টিকা নিন এবং নিজেকে সুরক্ষিত রাখুন, দেশকে সুরক্ষিত রাখুন।' ২৬ ফেব্রুয়ারি সারা দেশে 'এক দিনে এক কোটি' কোভিড টিকা দেওয়ার কার্যক্রম পরিচালিত হবে। এরপর দ্বিতীয় ও বুস্টার ডোজ কার্যক্রম আরও গতিশীল করা হবে। ২০২১ সালের ৭ ফেব্রুয়ারি করোনাভাইরাসের টিকার প্রথম ডোজ দেওয়া শুরু হয়। দুই মাস পর ৮ এপ্রিল শুরু হয় দ্বিতীয় ডোজ দেওয়ার কার্যক্রম। ২০২১ সালের ২৮ ডিসেম্বর তৃতীয় ডোজ বা বুস্টার ডোজ দেওয়া শুরু করা হয়। ফলে যারা এখনো করোনা ভাইরাসের টিকার প্রথম ডোজ নেননি, তাদেরকে বিলম্ব না করে টিকাদান কেন্দ্র থেকে প্রথম ডোজ টিকা নিতে হবে।

২। ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ শনিবার সারা দেশে 'এক দিনে এক কোটি' ১ম ডোজের কোভিড টিকা দেওয়ার কার্যক্রম পরিচালিত হবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠান যথা-সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুন্দর, সুষ্ঠু পরিবেশে প্রদানের লক্ষ্যে স্থানীয় স্বাস্থ্য বিভাগ ও প্রশাসনকে প্রত্যক্ষ সহযোগিতা প্রদান করতে হবে। অদ্য ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ সকাল ০৯.৩০ ঘটিকায় গণ টিকা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে ভিডিও কনফারেন্সিং এর

মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

১) উৎসব মুখর পরিবেশে টিকা প্রদান কার্যক্রম পরিচালনা করতে হবে;

২) ২৬ তারিখের আগে ২টি শুক্রবারে (১৯ ও ২৫ ফেব্রুয়ারি) জুম্মার নামাজের খুৎবার পূর্বে মসজিদে টিকা প্রদানের বিষয়টি সকলকে অবহিত করতে হবে;

৩) ১২ বছরের উর্ধ্বে সকলকে টিকা দেওয়ার বিষয়টি প্রচারণা চালাতে হবে; যাদের টিকা নিবন্ধন নেই বা জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট নেই, এমন ব্যক্তিরাও করোনার প্রথম ডোজের টিকা নিতে পারবেন এ বিষয়টি প্রচারণা চালাতে হবে;

৪) টিকা প্রদানের কেন্দ্রে আইন শৃঙ্খলা রক্ষার জন্য গ্রাম পুলিশের সহায়তা নিতে হবে;

৫) টিকা কেন্দ্রে চেয়ার, বেঞ্চ, বোতলজাত পানি ও অস্থায়ী টয়লেটের ব্যবস্থা রাখতে হবে;

৬) সিটি কর্পোরেশন ও স্থানীয় প্রশাসন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীকে সফলভাবে টিকা কার্যক্রম সম্পাদনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা যেতে পারে;

৭) টিকা প্রদান কার্যক্রমে জনপ্রতিনিধিগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন;

৮) গ্রাম/মহল্লায় মাইকিং এর মাধ্যমে ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে গণ টিকা প্রদানের বিষয়টি প্রচারণা চালাতে হবে এবং এছাড়া খোলা ট্রাকে বাউল শিল্পীদের মাধ্যমে প্রচারণা চালানো যেতে পারে;

৯) উপপরিচালক, স্থানীয় সরকার তাঁর জেলার পৌরসভা ও ইউনিয়ন পরিষদের গণ টিকা প্রদান কার্যক্রমসমূহ মনিটরিং করবেন;

১০) পরিচালক, স্থানীয় সরকার তাঁর বিভাগের সিটি কর্পোরেশন ও সকল উপপরিচালক, স্থানীয় সরকারকে মনিটরিং করবেন;

১১) বস্তি এলাকা, হাট-বাজার, বাস টার্মিনাল, রিক্সা চালক, অটো রিক্সা চালক ও ভ্যান চালকগণকে টিকা গ্রহণের বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে এবং বৃদ্ধ ও অসুস্থদের ভ্যান গাড়ীতে আনার ব্যবস্থা করতে হবে;

১২) করোনা ভাইরাসের বিস্তার রোধকল্পে এবং টিকা প্রদান কার্যক্রমে সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিটি, পৌরসভার ওয়ার্ড কমিটি, ইউনিয়ন পরিষদে ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটিগুলোকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। উক্ত কমিটিকে কার্যকরভাবে ভূমিকা পালনের জন্য স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে;

১৩) স্থানীয় সরকার বিভাগ হতে সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদের অনুকূলে এ জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা হবে;

১৪) স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) কর্তৃক ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ শনিবার করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে প্রত্যক্ষ সহযোগিতা প্রদানের বিষয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।

১৫) ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ শনিবার করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের বিষয়টি মনিটরিং করার জন্য স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক (পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ক) | মহাপরিচালক (পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন), স্থানীয় সরকার বিভাগ | - | আহবায়ক; |
| খ) | উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য; |
| গ) | উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য; |
| ঘ) | উপসচিব (পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য; |
| ঙ) | উপসচিব (পৌর-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য; |
| চ) | উপসচিব (ইউনিয়ন পরিষদ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য; |
| ছ) | উপসচিব (ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য; |

উক্ত কমিটি স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের গণ টিকা কার্যক্রম নিয়মিত মনিটরিং করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

১৬/2/2022

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১২. ২০২০-১৮৭/১(৮)    তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৮ / ১৬ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪) অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
৫) বিভাগীয় কমিশনার (সকল)।
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৭) যুগ্মসচিব (প্রশাসন /নগর উন্নয়ন-১/নগর উন্নয়ন-২/উপজেলা অধিশাখা/পরিবীক্ষণ ও মূল্যায়ন/পরিচালক-১/ পরিচালক-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
৮) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার কার্যালয় (সকল)।
৯) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
১০) জেলা প্রশাসক (সকল)।
১১) উপসচিব(সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/পৌরসভা-১/পৌরসভা-২/উপজেলা-২/ইউনিয়ন পরিষদ-১/ ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
১২) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১৩) সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
১৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, ------------------------------ পৌরসভা।
১৭) সহকারী সচিব (পরিবীক্ষণ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণাল।
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

16/02/2022
এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৪৬৬৭৭
E-mail: lgadmin1@lgd.gov.bd